

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০২৫.২৫.৭৩

বিষয়: মেসার্স এভারওয়ে ইয়ার্ন ডাইং লিঃ এর অনুকূলে নিয়মিত শিল্প আই আর সিতে আমদানী স্বত্ব বৃদ্ধির সুপারিশ প্রদান।

সূত্র: ১। কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৪৭৬, তারিখঃ ০৩/০৬/২০২৫ খ্রিঃ।

২। কারখানা কর্তৃপক্ষের বিলম্বে পরিদর্শন করানোর আবেদন এর তারিখ- ২৫/০৬/২০২৫।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেসার্স এভারওয়ে ইয়ার্ন ডাইং লিঃ, কারখানা: পাগার, মল্লনগর, টংগী, গাজীপুর ও অফিস: বাসা- ২২, রোড- ০৯, সেক্টর- ০৪, উত্তরা, ঢাকা- ১২৩০ নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হতে প্রাপ্ত। যার নিবন্ধন সংখ্যা:- এল-৬১০৭০৪০১০১১-এইচ, তারিখ: ১১/০১/২০০৪ খ্রি: এবং “ইয়ার্ন ডাইং” উপখাতের ১০০% রপ্তানীমুখী বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। শিল্প প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাদের শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে জারিকৃত নিয়মিত অনলাইন শিল্প আই আর সি নং- ২৬০৩২৬১২০০৬৬৫১৯, তারিখঃ ২৯/১১/২০০৬ খ্রিস্টাব্দ এ উল্লেখিত বর্তমান আমদানী স্বত্ব বৃদ্ধির জন্য বস্ত্র অধিদপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বস্ত্র অধিদপ্তরের একজন পরিদর্শক সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং কারখানাটির দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার করে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বার্ষিক আমদানী স্বত্ব নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্তমান বার্ষিক আমদানী স্বত্ব		সুপারিশকৃত বার্ষিক আমদানী স্বত্ব	
উপখাত	আমদানী স্বত্ব	উপখাত	আমদানী স্বত্ব
“ইয়ার্ন ডাইং”	৩,৮৯,৩৮,৬০০/- (তিন কোটি ঊননব্বই লক্ষ আটত্রিশ হাজার ছয়শত) টাকা	“ইয়ার্ন ডাইং”	১,৩১৫,০০০,০০০/- (একশত একত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা

০২। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানী নীতি আদেশ ২০২১-২৪ এবং অন্যান্য সরকারি নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে মেসার্স এভারওয়ে ইয়ার্ন ডাইং লিঃ এর অনুকূলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শিল্প আই আর সিতে বার্ষিক আমদানী স্বত্ব উপরে উল্লেখিতভাবে নির্ধারণ করার সুপারিশ করা হলো।

শর্ত সমূহঃ

- শিল্প প্রতিষ্ঠানটি আমদানীতব্য কাঁচামালসমূহ বন্ডেড ওয়ার হাউজ এর মাধ্যমে আমদানী করতে হবে এবং উৎপাদিত পণ্য কেবলমাত্র গার্মেন্টস শিল্পে ব্যবহার করতে হবে।
- আমদানী ও রপ্তানী নিয়ন্ত্রক অধিদপ্তর বরাবর নির্ধারিত সরকারী ফি জমা দিতে হবে।
- উক্ত সুপারিশ পত্রটি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২০-০৭-২০২৫
মোঃ আব্দুস সালাম
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০২৫.২৫.৭৩/১ (৭)

৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, (উত্তর), প্লট-২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, ঢাকা।।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এভারওয়ে ইয়ার্ন ডাইং লিঃ, কারখানা: পাগার, মন্সনগর, টংগী, গাজীপুর ও অফিস: বাসা-২২, রোড- ০৯, সেক্টর- ০৪, উত্তরা, ঢাকা- ১২৩০।
- ৪। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৫। ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর।
- ৬। পিএ কাম সাঁট লিপিকার, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর।
- ৭। রিসিপসোনিষ্ট, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।।



২০-০৭-২০২৫

মোঃ মনিরুল ইসলাম
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)